যুগান্তর

তারিখ 08 JAN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

# ফতুল্লায় শিক্ষার্থী ও অভিভাবকদের বিক্ষোভ

**ফতুল্লা প্রতিনিধি**

ফতুল্লায় পাগলা উচ্চ বিদ্যালয়ে ভর্তি ফি, সেশন ফি ও মাসিক বেতন কমানোসহ ৭ দফা দাবিতে বৃহস্পতিবার সকালে স্কুল প্রাঙ্গণে বিক্ষোভ করেছে শিক্ষার্থী ও অভিভাবকরা। পরে স্কুলটির প্রধান শিক্ষক ব্রজেন্দ্র নাথ সরকারের মাধ্যমে স্কুলটির ম্যানেজিং কমিটির সভাপতি এবং নারায়ণগঞ্জ-৪ (ফতুল্লা ও সিদ্ধিরগঞ্জ) আসনের সংসদ সদস্য শামীম ওসমানের বরাবরে স্মারকলিপি প্রদান করেন শিক্ষার্থী ও অভিভাবকরা। স্কুলের প্রধান শিক্ষক ব্রজেন্দ্র নাথ সরকার জানান, গত বছরের চেয়ে এ বছর মাত্র ২০ টাকা বৃদ্ধি করা হয়েছে। তা যদি অভিভাবকরা দিতে না পারে তাহলে ম্যানেজিং কমিটির সভাপতি স্থানীয় এমপি শামীম ওসমানের কাছে তারা আবেদন করতে পারেন।

শিক্ষার্থী ও অভিভাবকরা স্মারকলিপিতে উল্লেখ করেন, পাগলা উচ্চ বিদ্যালয়টিতে ৫ হাজার শিক্ষার্থী রয়েছে। চলতি বছরে ১ম ও ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি হয়েছে দেড় হাজার শিক্ষার্থী। স্কুলটিতে বর্তমানে ভর্তি ফি বাবদ সর্বমোট ২ হাজার ১৮০ টাকা, মাসিক বেতন ৩২০ থেকে ৩৪০ টাকা, সেশন ফি ২ হাজার ১৫০ টাকা নেয়া হচ্ছে। যা অত্র এলাকার আশিভাগ অভিভাবকদের পক্ষে দেয়া সম্ভব নয়। এত টাকা ভর্তি ও সেশন ফি দিয়ে ছেলে-মেয়েদের শিক্ষা দেয়া অসম্ভব হয়ে পড়েছে।